

মাদারীপুর সংবাদদাতা : একটি সরকারী বিদ্যালয়সহ ৫টি মাধ্যমিক বিদ্যালয়ের ছাদ যেকোন সময় ধসিয়া পড়ার আশংকা দেখা দিয়াছে। অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় বর্তমানে

ক্লাস চলিতেছে। জানা যায়, জেলার একমাত্র

মাধ্যমিক সরকারী বিদ্যালয়ের ৫টি শ্রেণীকক্ষে ছাদে বড় বড় ফাটল দেখা দিয়াছে। ১৯৬২ সালে ইউনাইটেড ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ের এই ভবন


নির্মিত হয়। ইহার পর আর তেমন কোন উল্লেখযোগ্য সংস্কার হয় নাই। ছাদ ধসিয়া যেকোন সময় দুর্ঘটনার আশংকায় বিশেষ করিয়া এই বর্ষা

মৌসুমে ছাত্ররা ৫টি শ্রেণীকক্ষে ক্লাস করিতে চাইতেছে না। মাদারীপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাদ, চরমুগরিয়া বালিকা উচ্চ

বিদ্যালয়ের পুরাতন ভবনের ছাদ, চরমুগরিয়া মার্বেলস উচ্চ বিদ্যালয়ের ছাদ ও পাবলিক ইনস্টিটিউশনের ছাদ চুমাইয়া পানি পড়ে। ছাদের বহু স্থানের

ছাদগুলি ঝুঁকিপূর্ণ ছিল। বর্ষা মৌসুমে আরও ঝুঁকিপূর্ণ হইয়া দাঁড়াইয়াছে। জরুরী ভিত্তিতে বিদ্যালয়ের ছাদ সংস্কার করার জন্য অভিভাবকরা আবেদন জানাইয়াছেন।

বিদ্যালয়ের ছাদ ধসিয়া পড়ার আশংকা



চাঁদপুর : ১৯৯৪ সালের বৃষ্টিঝড়ে বিধ্বস্ত মৈশাদী সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন এখন পর্যন্ত মেরামত না করায় লেখাপড়া ব্যাহত হইতেছে - ইত্তেফাক